# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

BANGLADESH COUNCIL OF SCIENTIFIC & INDUSTRIAL RESEARCH (BCSIR)

## ৩০৯-তম বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত

সভার তারিখ: ১৩.০৫.২০১৯

XXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXX

আলোচ্যসূচি-৬: বিসিএসআইআর-এর সংশোধিত R&D নীতিমালা অনুমোদন।

সিদ্ধান্ত-৬: বিসিএসআইআর-এর নিম্নবর্ণিত সংশোধিত R&D নীতিমালা অনুমোদন করা হলো।

**ভূমিকাঃ**

বিজ্ঞান ও শিল্প গবেষণার উন্নয়ন, প্রযুক্তির উদ্ভাবন, সম্প্রসারণ ও প্রয়োগ এবং বৈজ্ঞানিক আবিষ্কার ও শিল্প প্রতিষ্ঠার লক্ষ্যে গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার জন্য এই নীতিমালা প্রণয়ন করা হল।

**শিরোনামঃ** বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর গবেষণা ও উন্নয়ন (R&D) নীতিমালা নামে অভিহিত হবে।

**লক্ষ্য ও উদ্দেশ্যঃ** বিসিএসআইআর-এর গবেষণা ও উন্নয়ন নীতিমালার লক্ষ্য (Policy Objectives) হলো—

(১) শিল্পের প্রতিষ্ঠা ও উন্নয়নের সাথে সম্পর্কিত বিভিন্ন সমস্যার সমাধান এবং সরকার কর্তৃক নির্দেশিত বিষয়াবলি বাস্তবায়নকল্পে বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তি গবেষণার প্রবর্তন, উন্নয়ন ও দিক নির্দেশনা প্রদান;

(২) শিল্প ও গবেষণা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা, উন্নয়ন সহযোগিতা, উৎসাহ প্রদান এবং প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

(৩) পরিষদ কর্তৃক প্রতিষ্ঠিত গবেষণাগার/ইনস্টিটিউট ও সেন্টারে উদ্ভাবিত গবেষণা প্রক্রিয়ার পেটেন্ট/প্রসেস গ্রহণ এবং উহা শিল্প প্রতিষ্ঠানে ব্যবহারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(৪) স্থানীয় কাঁচামাল ও দেশীয় প্রযুক্তি ব্যবহার করে দেশের চাহিদা অনুযায়ী (Need Based) আমদানি বিকল্প ও রপ্তানিযোগ্য পণ্য বাজারজাতকরণের সহযোগিতা প্রদানের মাধ্যমে দেশের শিল্প উন্নয়নের উদ্যোগ গ্রহণ।

১। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অর্থবছর অথবা ষান্মাসিক ভিত্তিতে পরিষদ কর্তৃক নতুন R&D প্রকল্প গ্রহণ করা যেতে পারে।

২। বিজ্ঞানী/প্রকৌশলী(গণ) নির্ধারিত ছকে সংশ্লিষ্ট পরিচালকের মাধ্যমে R&D প্রকল্পের আবেদন করবেন। ছকে প্রকল্পের সুনির্দিষ্ট শিরোনাম (Title), উদ্দেশ্য (Objective), যথার্থতা (Justification), ফলাফল (Outcome), প্রাক্কলিত ব্যয়, মেয়াদকাল, প্রকল্পের কর্মপদ্ধতি ইত্যাদি বিষয় উল্লেখ থাকতে হবে। প্রকল্প প্রস্তাব বিসিএসআইআর-এর লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

৩। সদস্য (বিজ্ঞান ও প্রযুক্তি) কে আহবায়ক করে বোর্ড কর্তৃক গঠিত কমিটি প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইয়ের পর কমিটির সুপারিশক্রমে বোর্ড কর্তৃক অনুমোদনের জন্য চেয়ারম্যান বরাবর প্রেরণ করবে। গবেষণা সমন্বয়কারী উক্ত কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

৪। প্রতিটি R&D প্রকল্পে একজন প্রকল্প প্রধান (Project Leader) এবং নূন্যতম ০১ জন ও সর্বোচ্চ ০৪ জন সহযোগী গবেষক (Research Associate) থাকতে পারবে। একই গবেষণাগারের অন্য ডিভিশন বা অন্য গবেষণাগার থেকে গবেষক নিয়ে R&D প্রকল্প প্রস্তাব পেশ করা যাবে। গবেষক দলের সদস্য/সদস্যদের নূন্যতম পদমর্যাদা আর.সি (রিসার্চ কেমিষ্ট) হতে পারে। বিশেষ ক্ষেত্রে দুই বা ততোধিক ইনস্টিটিউটের মধ্যে যৌথ গবেষণায় সর্বোচ্চ ০৮ (আট) জন গবেষক থাকতে পারবে।

৫। সদস্য (বি: ও প্র:)-এর তত্ত্বাবধায়নে সংশ্লিষ্ট ইউনিট প্রধান এবং গবেষণা সমন্বয়কারী R&D প্রকল্পসমূহের অগ্রগতি মূল্যায়নের জন্য ছয় (০৬) মাস পর পর কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন। প্রাপ্তব্য ফলাফল (Deliverables) এর ভিত্তিতে R&D প্রকল্পের মূল্যায়ন করতে হবে।

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)
BANGLADESH COUNCIL OF SCIENTIFIC & INDUSTRIAL RESEARCH (BCSIR)

৬। অপরিহার্য কারণে কোন প্রকল্পের মেয়াদ বর্ধিতকরণ/নতুন সদস্য অন্তর্ভূক্তকরণ অথবা অন্য কোন পরিবর্তন প্রয়োজন হলে তা R&D প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ০৩ (তিন) মাস পূর্বে যৌক্তিক কারণসহ সংশ্লিষ্ট পরিচালকের মতামত ও সুপারিশসহ সদস্য (বিজ্ঞান ও প্রযুক্তি) বরাবর আবেদন করতে হবে।

৭। অনুমোদিত R&D প্রকল্প সমাপ্ত হওয়ার পর (প্রযোজ্য ক্ষেত্রে) প্রসেস গৃহীত হওয়ার জন্য পরিষদের নির্ধারিত ছকে (Non Technical Note, Technical note) সদস্য (উন্নয়ন) বরাবর আবেদন জমা দিতে হবে।

৮। R&D প্রকল্পের মাধ্যমে উদ্ভাবিত পদ্ধতি (Process)/ প্রযুক্তি (Technology) পরিষদের সদস্য (উন্নয়ন) কে আহবায়ক করে বিসিএসআইআর-এর বিজ্ঞানী/প্রকৌশলী এবং প্রয়োজনে বিশেষজ্ঞ ব্যক্তির সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে (Verification Committee) যাচাই বাছাইয়ের পর পরিষদ কর্তৃক গৃহীত হবে। কোন Process যদি Patented হওয়ার সুযোগ থাকে তবে সেক্ষেত্রে Patent এর জন্য Process submit করার পূর্বে আবেদন করতে হবে। প্যাটেন্টের আবেদনে পদ্ধতি/প্রযুক্তির শিরোনাম (Title) ও অনুমোদিত প্রসেস/প্রযুক্তির অথবা R&D প্রকল্পের শিরোনাম সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

৯। R&D প্রকল্প হতে উদ্ভাবিত গবেষণা পত্র (Paper)/Report প্রকাশনার পর পরিচালক এবং গবেষণা সমন্বয়কারীকে অবহিত করতে হবে। প্রকাশনায় বিসিএসআইআর-এর R&D প্রকল্প হিসেবে Acknowledgement থাকতে হবে।

১০। উন্নতমানের গবেষণাপত্র (Paper) Journal এ প্রকাশনার ব্যয়ভার BCSIR কর্তৃক বহন করা হবে।

১১। বোর্ড সময়ে সময়ে এ নীতিমালা পর্যালোচনা এবং প্রয়োজনে পরিমার্জন করতে পারবে।

xxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxx

২২-০৫-১৯

বেনজীর আহাম্মেদ
উপ সচিব
বিসিএসআইআর, ঢাকা।